

## তিসি (Linseed)

### মাটি:

এঁটেল মাটি তিসি চাষের জন্য সবচেয়ে উপযোগী। পলি দোআঁশ ও এঁটেল দোআঁশ মাটিতে তিসির চাষ করা যায়।

### জমি তৈরি:

তিসির বীজ ছোট বলে জমিতে ৪-৫টি আড়াআড়ি চাষ ও ২-৩টি মই দিয়ে মসৃণ ভাবে জমি তৈরি করতে হয়।

### সারের পরিমাণ:

সাধারণত তিসি বিনা সারে চাষ করা হয়। তবে ভাল ফলন পেতে হলে নিম্নরূপ হারে সার প্রয়োগ করা যায়।

সারের নাম	সারের পরিমাণ/হেক্টর
ইউরিয়া	৭০-৮০ কেজি
টিএসপি	১১০-১৩০ কেজি
এমপি	৪০-৫০ কেজি

### সার প্রয়োগ পদ্ধতি:

ইউরিয়া সার এর অর্ধেক ও বাকি অন্যসব সার শেষ চাষের সময় জমিতে মিশিয়ে দিতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া বীজ বপনের ২৫-৩০ দিন পর প্রয়োগ করতে হবে।

### বপনের সময়:

কার্তিক (মধ্য-অক্টোবর হতে মধ্য-নভেম্বর)।

### বীজের হার:

৭-৮ কেজি/হেক্টর।

### বপন পদ্ধতি:

তিসি সাধারণত ছিটিয়ে বপন করতে হয়। তবে সারিতে বপন করা ভাল। সারি থেকে সারির দূরত্ব ৩০ সেমি রাখতে হয়।

### পরিচর্যা:

জমি আগাছামুক্ত রাখতে হবে। প্রয়োজনমত ১-২ বার সেচ দিলে ফলন ভালো হয়।

### ফসল সংগ্রহ:

ফসল পরিপক্ব হওয়ার সময় গাছ ও ফল সোনালী বা কিছুটা তামাটে রং ধারণ করে। এমন হলে ফসল কেটে মাড়াই করে এবং রোদে শুকিয়ে ফসল সংগ্রহ করতে হয়।

